



भारत सरकार

गृह मंत्रालय, भारत

Job Category: Security/Protective Services

Job Source: भारत सरकार

Job Summary

Posted On: 19 Dec 2024

Application Deadline: 14 Jan 2025

নিয়োগ বিজ্ঞপ্তি

জুমি মন্ত্রণালয়ের ২৫.১১.২০২৪খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৯২.১২.৯২৮ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল এর রাজস্ব প্রশাসনাবলী নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নড়াইল জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমে স্ব-হস্তে পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	শিক্ষাগত যোগ্যতা
১	অফিস সহায়ক	১৮টি	গ্রেড-২০ (৮২৫০-২০.০১০/-)	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলি :

- নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা যথারীতি অনুসরণ করা হবে।
- প্রাথমিক অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং নড়াইল জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে জেলা প্রশাসক, নড়াইল-কে সম্বোধন করতে হবে এবং আবেদনপত্র আগামী ১৪.০১.২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইলে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd), জেলা প্রশাসক, নড়াইলের ওয়েবসাইট (www.narail.gov.bd), জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল এর রাজস্ব শাখা এবং নড়াইল জেলার প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে ডাউনলোড করা যাবে।
- নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ০১/১২/২০২৪ খ্রি. তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সতায়নকারী কর্মকর্তার নাম ও পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে)।
(খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবি যুক্ত সীল দ্বারা সত্যায়িত)।
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও পদবি যুক্ত সীল দ্বারা সত্যায়িত)।
(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাম ও পদবি যুক্ত সীল সংবলিত চারিত্রিক সনদপত্র।
(চ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরজন্মার সন্তানদের নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছক পূরণপূর্বক মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ ও জন্ম সনদ	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর	বায়ু সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

- ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফিস বাবদ কোড নম্বর ১-৪৬৩১-০০০০-২০৩১-এ ১০০/- (একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- নিয়োগের ক্ষেত্রে যদি কোন আদালতের নিষেধাজ্ঞা থাকে/কোন রিট বা মামলা বিচারার্থী থাকে/কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমাণ বা প্রক্রিয়াধীন থাকে; তবে বিজ্ঞ আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট লাগানো ১০ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি আকারের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য নয় এবং কোনরূপ ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- সরকারি বা আধা-সরকারি সংস্থায় চাকরির প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।
- নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি উপস্থাপন করা যাবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্তন/সংযোজন/বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- প্রার্থীদের নির্বাচিত/লিখিত, মৌখিক বা অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- এ কার্যালয়ের ১৪.১১.২০২২ খ্রি. তারিখের ০৫.৪৪.৬৫০০.২০.০০৮.২২.১৩৯৯ নম্বর স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী আবেদনপত্র দাখিল করেছেন; সে সকল প্রার্থীর এ বিজ্ঞপ্তি অনুযায়ী নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।



শারমিন আক্তার জাহান
জেলা প্রশাসক
নড়াইল

ফোন ০২-৪৭৭৭৭৩০১

ই-মেইল dcnarail@mopa.gov.bd